

## একটি যুবতী বিধবা একটি পরিবার খুঁজে পায়

প্রার্থনা : “প্রভু, ছেলেমেয়েদের সাহায্য কর যেন তারা আত্মীয়দের ভালবাসতে পারে যেমন রূত, নয়মী এবং বোয়স করেছিলেন।”

একটি মহান প্রেমের গল্প শিক্ষা দেবার জন্য প্রস্তুত হন। রূত ১-৪ অধ্যায় পাঠ করুন।

● রূতের প্রতি বোয়সের প্রেম ব্যাখ্যা করে যারা যীশুকে ভালবাসে তাদের কিভাবে তিনি প্রেম করেন এবং পাপ থেকে উদ্ধার করেন।

● আপনি এই গল্পটির জন্য এক সপ্তাহের বেশী সময় নিতে পারেন অথবা এই গল্পটির অংশ বিশেষ নিয়ে কাজ করতে পারেন।

বড় ছেলে বা মেয়ে অথবা শিক্ষক রূতের গল্পটি মুখস্থ বলবে। অধ্যায়ের মূল ঘটনা বোঝাতে আপনি প্রত্যেকবার তিনটি চারটি ছেলেমেয়ের সাহায্য নিতে পারেন।

### অধ্যায় ১, ব্যাখ্যা :

● একজন ইস্রায়েলীয় লোক, তার স্ত্রী নয়মীকে এবং তাদের দুই ছেলেকে সঙ্গে নিয়ে ইস্রায়েল ছেড়ে মোয়াব দেশে বাস করার জন্য গেছেন। দুটো ছেলেই রূত ও অর্পা নামে দুই মোয়াবীয় কন্যাকে বিবাহ করল।

● তিনজন লোকই তিনটি বিধবা নারীকে রেখে মারা গেলেন। খাদ্যের জন্য নয়মীকে ইস্রায়েলে ফিরে আসতে হল।

● রূত ও অর্পাও নয়মীর সঙ্গে ফিরে আসতে চেয়েছিলেন, কিন্তু নয়মী তাদের নিজের পিতার বাটীতে চলে যেতে বললেন।

● অর্পা ক্রন্দন করলেন এবং আপন পিতা-মাতার বাটীতে ফিরে গেলেন, কিন্তু রূত তার বিধবা শাশুড়ী নয়মীর সঙ্গে ইস্রায়েলে যাওয়ার জন্য ভিক্ষা প্রদর্শনের মাধ্যমে প্রেম প্রদর্শন করেছিলেন।

### অধ্যায় ২, ব্যাখ্যা :

রূত যখন বোয়সের ক্ষেত্রে তাঁর এবং নয়মীর আহ্বারের জন্য শস্য দানা সংগ্রহ করছিলেন তখন ধনী বোয়স রূতের প্রতি তাঁর করুণা এবং শ্রদ্ধার ব্যবহারের মাধ্যমে তাঁর আন্তরিকতাপূর্ণ আদর্শ প্রদর্শন করেছিলেন। ইস্রায়েলের প্রাচীন ব্যবস্থা অনুসারে দরিদ্রদের ক্ষেত্রে ফেলে রাখা শস্য দানা কুড়ানোর অনুমতি দান করা হতো।

● রূত তাঁর এবং নয়মীর খাদ্যের জন্য কোথা থেকে শস্য দানা পেয়েছিলেন? (উত্তর : রূত ২:৩ পদ দেখুন)

● রূত ক্ষেত্রে কত কঠিন পরিশ্রম করেছিলেন? (৭ পদ দেখুন)

● রূত দরিদ্র এবং বিদেশিনী ছিলেন বলে বোয়স কি তাঁর সঙ্গে দুর্ব্যবহার করেছিলেন? (১৪-১৫ পদ দেখুন)

● রূত তাঁর দরিদ্র শাশুড়ী নয়মীকে সাহায্য করার জন্য কি করেছিলেন? (১৮ পদ দেখুন)

### অধ্যায় ৩, ব্যাখ্যা :

● রূত তাঁর মুক্তিকর্তা জ্ঞাতী বোয়সকে বিবাহ করার তার অধিকারের বিষয় বলার মাধ্যমে সাহস প্রদর্শন করেছিলেন।

● প্রাচীনকালের রীতি ছিল কোন স্ত্রীর স্বামী যদি মারা যেতেন, তবে তার স্বামীর ঘনিষ্ঠ কোন জ্ঞাতী তাঁকে বিবাহ করতে পারতো। এইভাবে সেই ব্যক্তি সেই দুর্দশাগ্রস্ত মহিলাটিকে মুক্ত করতেন।

● বোয়স ছিলেন আমাদের উদ্ধারকর্তা যীশুর উদাহরণ, যিনি আমাদের শয়তানের হাত থেকে রক্ষা করেছিলেন।

### অধ্যায় ৪, ব্যাখ্যা :

● বোয়স তার থেকে রূতের আরও ঘনিষ্ঠ এক জ্ঞাতীর সঙ্গে অত্যন্ত জ্ঞানের সঙ্গে ব্যবহার করেছিলেন, যাতে সেই জ্ঞাতী তাকে রূতকে বিবাহ করতে দেন।

● বোয়স ও রূত বিবাহ করার মাধ্যমে এবং নয়মীকে তাদের সন্তানদের পালন করতে দেবার মাধ্যমে প্রেম প্রদর্শন করেছিলেন।

● রূত মহান রাজা এবং যীশুর পূর্বপুরুষ দায়ুদের ঠাকুমায় পরিণত হয়েছিলেন।

রূতের গল্পটির কয়েকটি অংশ নাটকে পরিণত করুন। এই নাটকটি উপস্থাপন করার জন্য প্রধান উপাসকমণ্ডলীর নেতার সঙ্গে ব্যবস্থা করুন। বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে সাহায্য করতে দিন।



অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা অথবা প্রাপ্ত বয়স্করা রূত, নয়মী ও বর্ণনাকারী চরিত্রে অভিনয় করবে এই বিষয়ে সাহায্য করবে।

অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা অর্পা ও ছেদকদের চরিত্রে অভিনয় করবে, যারা শস্য স্বরূপ পাতা বা লাঠি ধরে থাকবে।

### নাটক

বর্ণনাকারী : রূত ১ অধ্যায় থেকে গল্পটির প্রথম অংশ সংক্ষেপে বলুন। এরপর বলুন, “শুনুন অর্পা ও রূতকে নয়মী কি বলেছিলেন।”

নয়মী : “আমাদের স্বামীরা মারা গেছে। আমি খাদ্যের জন্য ইন্ডায়ালে ফিরে যাব। তোমরা তোমাদের পিতার পরিবারে ফিরে যাও।”

অর্পা : নয়মীকে চুম্বন করলেন ও কাঁদলেন, তারপর চলে গেলেন।

রূত : হাঁটু মুড়ে নয়মীকে অনুরোধ করে বললেন, “তুমি যেখানে যাবে, আমি সেখানে যাব এবং তুমি যেখানে থাকবে, আমি সেখানে থাকব। তোমার লোকই আমার লোক এবং তোমার ঈশ্বরই আমার ঈশ্বর। তুমি যেখানে মরবে, আমিও সেখানে মরব।”

বর্ণনাকারী : রূত ২ অধ্যায় থেকে গল্পটির দ্বিতীয় অংশ সংক্ষেপে বলুন। এরপর বলুন, “শুনুন রূত, নয়মীকে কি বলেছিলেন।”

রূত : “মা, আমাদের খাদ্যের প্রয়োজন। আমি গিয়ে ছেদকেরা যে শস্য ফেলে গিয়েছে সেগুলি কুড়াই।” (হেঁটে কৃষকদের কাছে যান এবং নীচু হয়ে ভূমি থেকে শস্য কুড়ান।)

বোয়স : “বৎসেরা, আমার ক্ষেত্রে শস্য কুড়াচ্ছে ঐ মহিলাটি কে?”

ছেদক : “উনি রূত, একজন দুঃস্থ বিদেশী মহিলা। উনি কঠোর পরিশ্রম করেন এবং কদাচিত বিশ্রাম নেন।”

বোয়স : রূতের কাছে গিয়ে বললেন, “রূত, আমি নয়মীর প্রতি তোমার মহানুভবের কথা শুনেছি। তুমি আমার ক্ষেত্র থেকে শস্য সংগ্রহ কর এবং আমার ছেদকদের জন্য যে খাদ্য বরাদ্দ আছে তাই তুমি খাবে।”

বোয়স : ছেদকের কাছে গেলেন এবং বললেন, “রূতকে শস্য সংগ্রহ করতে দাও। ওকে ধমকিও না। কিছু শস্য ওর জন্য ফেলে রাখবে যাতে সে কিছু শস্য সংগ্রহ করতে পারে।”

বর্ণনাকারী : “শুনুন রূত সেইদিন সন্ধ্যায় নয়মীকে কি বলেছিলেন।”

রূত : “মা, দেখ বোয়সের ক্ষেত্র থেকে এই সমস্ত শস্য আমি সংগ্রহ করেছি! এগুলো তোমার!”

নয়মী : “কন্যা, বোয়স আমাদের নিকট আত্মীয়। দুঃস্থ বিধবা হিসাবে, আমাদের প্রতি ওঁর দয়া মহৎ। ঈশ্বর তাকে আশীর্বাদ করুন! শস্য কাটা শেষ না হওয়া পর্যন্ত অন্য কারোর ক্ষেত্রে তুমি যাবে না।”

বর্ণনাকারী : রূত পুস্তকের বাকী গল্পগুলি সংক্ষেপে বলুন। তৃতীয় ও চতুর্থ অধ্যায়ের এবং উপরের বর্ণনাগুলি পুনরায় বলুন। যারা যারা সাহায্য করেছে তাদের ধন্যবাদ দিন।

প্রশ্ন : যদি শিশুরা বড়দের জন্য নাটকটি উপস্থাপন করে তবে তারাও দ্বিতীয় অধ্যায়ের উপরের প্রশ্নগুলি বড়দের জিজ্ঞাসা করুক।

চিত্র : নিজস্ব অঞ্চলে যে শস্য উৎপন্ন হয়, তার এক গুচ্ছের একটা চিত্র আঁকুন; শিশুরা সেটি দেখে দেখে আঁকবে। তারা, তাদের চিত্রগুলি উপাসনার সময় বড়দের দেখাবে এবং ব্যাখ্যা করে বলবে কিভাবে রূত ও বোয়স তাদের আশীর্বাদ সহভাগিতা করার দ্বারা পরিবারের লোকদের তত্ত্বাবধান করেছিলেন।

কবিতা : হিতোপদেশ ৩১:১০, ১৫, ২০ এবং ৩০ পদের একটি করে পদ চারজন ছেলেমেয়ে কবিতার আকারে মুখস্থ বলবে।

অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা রূত ১:১৬-১৭ পদে রূত যে কথাগুলি বলেছিলেন সেগুলি নিয়ে কবিতা বা গান লিখবে।

ইফিয়িয় ৬:১-৩ পদ মুখস্থ করুন।

প্রার্থনা : “প্রভু আমাদের পরিবারের জন্যে তোমাকে ধন্যবাদ দিই। আমাদের সাহায্য কর যেন আমরা আমাদের পিতা মাতাকে সম্মান জানাতে পারি। আমরা যেন একে অন্যকে সেবা করতে পারি যেন তুমি আমাদেরকে করেছিলে। দয়া করে, আমাদের পরিবারকে আন যেন তারা তোমাকে ত্রাণকর্তা রূপে জানতে পারে।”